১৪।৮।২০০৩

তারিখ ........ পৃষ্ঠা ১২ কলাম ৩

~~দৈনিক ইত্তেফাক~~

ভোরের কাগজ

# খুলনা বিশ্ববিদ্যালয় অচল শিক্ষকদের ক্লাস বর্জন

**খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** খুলনা বিশ্ববিদ্যালয় সম্পূর্ণ অচল হয়ে পড়েছে। শিক্ষকদের ক্লাস বর্জনের ফলে বৃহস্পতিবার থেকে এ উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের ১৫টি ডিসিপ্লিনের প্রায় ২ হাজার ছাত্রছাত্রীর কোন ক্লাস হচ্ছে না। সেই সঙ্গে গতকাল সোমবার থেকে কর্মকর্তা-কর্মচারীরাও তাদের নিজস্ব দাবিতে কর্মবিরতি শুরু করায় বিশ্ববিদ্যালয় প্রশাসন ভেঙে পড়েছে।

বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি নাজুক হলেও উপাচার্য প্রফেসর ড. এসএম নজরুল ইসলাম এখন ঢাকায় অবস্থান করছেন। আগামী ২২শে আগস্ট উপাচার্যের চাকরির ৪ বছর মেয়াদ শেষ হচ্ছে। ইতোমধ্যে তিনি তার সোনাডাঙ্গাস্থ বাসভবন থেকে মালামাল ঢাকায় নিয়ে গেছেন বলে আন্দোলনরত শিক্ষকরা জানিয়েছেন। তিনি আর খুলনায় আসছেন না বলে গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গুজব ছড়িয়ে পড়ে। ফলে সকলেই এখন ফ্রি স্টাইলে চলছেন।

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক আবদুর রাজ্জাক আততায়ীর গুলিতে নিহত হওয়ার পর কোন কোন মহল থেকে শিক্ষক কল্যাণ সমিতির সভাপতি ড. মোহাম্মদ রেজাউল করিমের হত্যাকাণ্ডের নেপথ্যে ভূমিকা থাকার অভিযোগ ওঠে। বিশ্ববিদ্যালয় প্রশাসন তার যথাযথ প্রতিবাদ করেনি- এ অভিযোগে শিক্ষকরা অনির্দিষ্ট-কালের জন্য ক্লাস বর্জনের কর্মসূচি নেন।